দৈনিক ইত্তেফাক

তারিখ ... 24 APR 1998
পৃষ্ঠা 1 কলাম 1

# ঢাকা ভার্সিটিতে ৪ হাজার আসনে ৬৩ হাজার প্রার্থী

আনোয়ার আলদীন ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৯৮-৯৯ শিক্ষা বর্ষে ৪ হাজার আসনের জন্য ৬৩ হাজার ২৪৫টি আবেদনপত্র জমা পড়িয়াছে। একটি আসনে ভর্তি হওয়ার জন্য ১৫ জন শিক্ষার্থীকে প্রতিদ্বন্দ্বিতা করিতে হইবে।

(১৫শ পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

*(প্রথম পৃঃ পর)*

গতকাল (বৃহস্পতিবার) পর্যন্ত একমাসে ভর্তির উল্লেখিত আবেদনপত্র জমা পড়িয়াছে। ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনার কারণে ২৭শে এপ্রিল পানি ভর্তির আবেদন গ্রহণের তারিখ বর্ধিত করা হইয়াছে। সর্বাধিক আবেদনপত্র জমা পড়িয়াছে বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটে। এই ইউনিটের বিজ্ঞানে ৬৭৫, ফার্মেসীতে ৫৫ ও জীববিজ্ঞানে ৩৭০টি আসনে ভর্তির জন্য ২২ হাজার ১৩৫টি আবেদনপত্র জমা পড়িয়াছে। কলা অনুষদভুক্ত 'খ' ইউনিটে ১৬ শতাধিক আসনের বিপরীতে ১৬ হাজার ৭১টি আবেদন পড়িয়াছে। বিজনেস স্টাডিজের ৭০৪টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়িয়াছে ১১ হাজার ২৫০টি। সম্মিলিত 'ঘ' ইউনিটে আবেদন পড়িয়াছে ১৩ হাজার ৭৮৯টি। চলতি শিক্ষা বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ২রা মে হইতে শুরু হইবে। ৪ হাজার ৪৭টি আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। চলতি শিক্ষা বর্ষে সীট সংখ্যা বৃদ্ধি করা হয় নাই। গত বছর ৬১ হাজার আবেদনপত্র পড়িয়াছিল। গত বছর ভর্তি ফরমের মূল্য ১৫০ টাকা হইলেও এ বছর উহা ২০০ টাকা করা হয়।